

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মহেশপুর, ঝিনাইদহ।

স্মারক নং- ১৩.০৫.৪৪৭১.৫০৪.৫৭.০০৪.১৭-৪৫০  
প্রাপকঃ সভাপতি

তারিখঃ-০৮/১২/২০১৯ খ্রিঃ

ইউনিয়ন খাদ্যবান্ধব তালিকা প্রনয়ন কমিটি

ও

চেয়ারম্যান

.....ইউনিয়ন, মহেশপুর, ঝিনাইদহ।

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচীতে প্রকৃত হতদরিদ্রদের ভোক্তা তালিকায় অন্তর্ভুক্তি ও অভিযোগ নিরাসন করণ প্রসংগে।


সূত্রঃ খাদ্য অধিদপ্তর, সরবরাহ, বন্টন ও বিপন্নন বিভাগের ১৮/১১/১৯ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৫১.৫৭.০৩১.১৯.১১৮৮(৭)নং স্মারক।  
উপজেলা নির্বাহী অফিসার মহেশপুর মহোদয়ের ০২/০৯/২০১৯ খ্রীঃ তারিখের ২৮৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, বর্তমান প্রান্তিকে (সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর/২০১৯)সারাদেশে খাদ্যবান্ধব কর্মসূচীতে চাল বিতরণ অব্যাহত ছিল। ‘মুজিব বর্ষ’ উপলক্ষ্যে ২০২০সালে (সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর এবং মার্চ, এপ্রিল, মে) ০৭ মাস হতদরিদ্রদের মধ্যে ১০টাকা কেজি দরে মাসে পরিবার প্রতি ৩০ কেজি চাল বিতরণ করা হবে। এ উপজেলায় ২০১৬ সাল হতে কর্মসূচীটি চলে আসছে। হতদরিদ্রদের মধ্যে স্বল্পমূল্যে চাল সরবরাহের জন্য ২০১৬ সালে ইউনিয়ন ভিত্তিক হতদরিদ্র সুবিধাভোগীর তালিকা তৈরী করা হয়। তালিকাটি অনেকদিন পূর্বের হওয়ায় প্রস্তুতকৃত তালিকার আনেকেই এখন দারিদ্রসীমার গন্ডিপেরিয়ে সুবিধাজনক জীবন যাপন করছেন, অনেক পরিবার সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় অন্যান্য সুবিধাভোগ করছে এবং কেউ কেউ মৃত্যুবরণ করেছেন ফলে প্রকৃত উপকারভোগী সরকারের এ মহতি উদ্দ্যোগের কাঙ্ক্ষিত সুবিধা পাচ্ছেন না। “নীতিমালা অনুযায়ী গ্রামে বসবাসরত সবচেয়ে দরিদ্র পরিবার, ভূমিহীন, দিনমজুর, ভিক্ষুক, বিধবা, তালাকপ্রাপ্ত, অস্বচ্ছল বয়স্কানারী প্রধান পরিবার ও দুঃস্থ পরিবার নিয়ে তালিকা করতে হবে”। তবে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ভাতাভোগী পরিবার এবং একই পরিবারের একাধিক ব্যক্তিকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না অর্থাৎ ভিজিডি ও অন্যান্য সুবিধাপ্রাপ্ত পরিবার এ তালিকায় অন্তর্ভুক্ত হতে পারবেনা। খাদ্য অধিদপ্তরের উক্ত নির্দেশনার প্রেক্ষিতে আগামী ৩০/১২/২০১৯ খ্রীঃ তারিখের মধ্যে আপনার ইউনিয়নের কার্ড সংখ্যা অনুযায়ী হতদরিদ্র সুবিধাভোগীর তালিকা হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ইউনিয়নের নামঃ

কার্ড সংখ্যাঃ

ক্রঃনং	ডোক্তার নাম	পিতা/স্বামীর নাম	পেশা	গ্রাম	ওয়ার্ড নং	জাতীয় পরিচয় পত্র নং	মোবাইল নং
১	২	৩	৪	৫	৬	৭	৮



খন্দক তাজউদ্দিন আহমেদ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব

উপজেলা খাদ্য বান্ধব কমিটি

মহেশপুর, ঝিনাইদহ।

তারিখঃ-০৮/১২/২০১৯ খ্রিঃ

স্মারক নং- ১৩.০৫.৪৪৭১.৫০৪.৫৭.০০৪.১৭-৪৫০(১৪)

অনুলিপিঃ- সদস্য অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-৩
- ০২। উপজেলা চেয়ারম্যান, মহেশপুর।
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝিনাইদহ।
- ০৪। উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশপুর, সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- ০৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশপুর, সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- ০৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মহেশপুর, সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- ০৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশপুর, সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশপুর, সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
- ০৯। সদস্য..... ইউনিয়ন পরিষদ, সদস্য ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি।
- ১০। সচিব.....ইউনিয়ন পরিষদ, সদস্য সচিব ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি।
- ১১। তদারকী কর্মকর্তা.....ইউনিয়ন।
- ১২।.....উিলার।
- ১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা মহেশপুর/দত্তনগর সরকারী খাদ্য গুদাম, ঝিনাইদহ।
- ১৪। অফিস কপি অত্র দপ্তর।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,

মহেশপুর, ঝিনাইদহ।